# উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়

৩/৩, ফুলার রোড, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০, ফোন নম্বর: ৪৪৮৬৫০৭৫

## নিয়োগ বিজ্ঞপ্তি

উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের নিজস্ব অর্থায়নে নিম্নবর্ণিত পদসমূহে নিয়োগের উদ্দেশ্যে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক | পদের নাম ও সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | বেতন স্কেল |
|---|---|---|---|
| ১ | উপাধ্যক্ষ-০১<br>(গ্রেড ৬) | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম ২য় শ্রেণির সম্মানসহ স্নাতকোত্তর ডিগ্রী এবং সেই সাথে বি.এড/এম.এড. ডিগ্রী থাকতে হবে। তবে শিক্ষায় সম্মানসহ স্নাতকোত্তর প্রার্থীদের বি.এড/এম.এড. বাধ্যতামূলক নয়। অনার্স অথবা মাস্টার্সে ন্যূনতম ২য় বিভাগ অথবা সিজিপিএ ৩.৫০ (স্কেল ৪.০ এর মধ্যে) থাকতে হবে। সহকারী অধ্যাপক পদে ০৩ বছরের অভিজ্ঞতাসহ প্রভাষক/সহকারী অধ্যাপক পদে ১২ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীর বয়স ন্যূনতম ৪০ বছর। অধ্যক্ষ/উপাধ্যক্ষ পদে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। শিক্ষা জীবনের কোন স্তরে ৩য় বিভাগ গ্রহণযোগ্য নয়।<br>পূর্বে যারা আবেদন করেছেন, তাঁদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই। পরীক্ষার সময় সঙ্গে শিক্ষাগত ও অভিজ্ঞতার পূর্ণ বিবরণ সহ কাগজপত্র আনতে হবে। | টাকা ৩৫৫০০-৬৭০১০/-<br>(জাতীয় বেতন স্কেল ২০১৫) |
| ২ | সহকারী শিক্ষক (ইংরেজি ভার্সন)<br>বিজ্ঞান-০৪ (পদার্থবিজ্ঞান-০২, রসায়ন-০১,উদ্ভিদবিজ্ঞান-০১)<br>গণিত-০২, ইসলাম ও নৈতিক শিক্ষা-০১<br>হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা -০১<br>বাংলাদেশ ও বিশ্বপরিচয়-০১<br>চারু ও কারুকলা-০১<br>(গ্রেড ১০) | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম ২য় শ্রেণির সম্মানসহ স্নাতকোত্তর ডিগ্রী থাকতে হবে। শিক্ষকতায় অভিজ্ঞতাসম্পন্নদের অগ্রাধিকার দেয়া হবে। শিক্ষা জীবনের কোন স্তরে ৩য় বিভাগ গ্রহণযোগ্য নয়। | টাকা ১৬০০০-৩৮৬৪০/-<br>(জাতীয় বেতন স্কেল ২০১৫) |
| ৩ | সহকারী শিক্ষক, বাংলা (প্রাথমিক শাখা)-০১<br>(গ্রেড ১০) | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম ২য় শ্রেণির সম্মানসহ স্নাতকোত্তর ডিগ্রী ও বিএড থাকতে হবে। শিক্ষকতায় অভিজ্ঞতাসম্পন্নদের অগ্রাধিকার দেয়া হবে। শিক্ষা জীবনের কোন স্তরে ৩য় বিভাগ গ্রহণযোগ্য নয়। | টাকা ১৬০০০-৩৮৬৪০/-<br>(জাতীয় বেতন স্কেল ২০১৫) |
| ৪ | সহকারী শিক্ষক, প্রাক-প্রাথমিক ও প্রাথমিক শাখা-০২ (বাংলা মাধ্যম-০১, ইংরেজি ভার্সন-০১)<br>(গ্রেড ১০) | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম ২য় শ্রেণির সম্মানসহ স্নাতকোত্তর ডিগ্রী এবং বিএড থাকতে হবে। শিক্ষকতায় অভিজ্ঞতাসম্পন্নদের অগ্রাধিকার দেওয়া হবে। শিক্ষা জীবনের কোন স্তরে ৩য় বিভাগ গ্রহণযোগ্য নয়। | টাকা ১৬০০০-৩৮৬৪০/-<br>(জাতীয় বেতন স্কেল ২০১৫) |
| ৫ | প্রদর্শক, পদার্থবিজ্ঞান-০১<br>(গ্রেড ১০) | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম ২য় শ্রেণির সম্মানসহ স্নাতকোত্তর ডিগ্রী থাকতে হবে। প্রদর্শক হিসেবে অভিজ্ঞতাসম্পন্নদের অগ্রাধিকার দেয়া হবে। শিক্ষাজীবনের কোন স্তরে ৩য় বিভাগ গ্রহণযোগ্য নয়। | টাকা ১৬০০০-৩৮৬৪০/-<br>(জাতীয় বেতন স্কেল ২০১৫) |
| ৬ | সহকারী হিসাবরক্ষক-০১<br>(গ্রেড ১৩) | ব্যবসায় শিক্ষা সংশ্লিষ্ট বিষয়ে প্রার্থীকে ন্যূনতম ২য় শ্রেণির স্নাতক/সমমান ডিগ্রী থাকতে হবে। কম্পিউটার অপারেটিং-এ প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে। হস্তাক্ষর সুন্দর হওয়া আবশ্যক। অফিস সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ০২ বছরের বাস্তব অভিজ্ঞতাসম্পন্নদেরকে অগ্রাধিকার দেয়া হবে। শিক্ষা জীবনের কোন স্তরে ৩য় বিভাগ গ্রহণযোগ্য নয়। | টাকা ১১০০০-২৬৫৯০/-<br>(জাতীয় বেতন স্কেল ২০১৫) |
| ৭ | বৈদ্যুতিক মিস্ত্রি-০২<br>(গ্রেড ১৮) | ন্যূনতম এসএসসি পাশসহ সংশ্লিষ্ট কাজে ডিপ্লোমা/ট্রেড কোর্স পাশ হতে হবে। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। শিক্ষা জীবনের কোন স্তরে ৩য় বিভাগ গ্রহণযোগ্য নয়। | টাকা ৮৮০০-২১৩১০/-<br>(জাতীয় বেতন স্কেল ২০১৫) |
| ৮ | প্লাম্বার-০১<br>(গ্রেড ১৮) | প্রার্থীকে ন্যূনতম এসএসসি/সমমান পাশ সহ সংশ্লিষ্ট কাজে ডিপ্লোমা/ট্রেড কোর্স পাশ হতে হবে। শিক্ষা জীবনের কোন স্তরে ৩য় বিভাগ গ্রহণযোগ্য নয়। | টাকা ৮২৫০-২০০১০/-<br>(জাতীয় বেতন স্কেল ২০১৫) |
| ৯ | কাঠমিস্ত্রি-০২<br>(গ্রেড ১৮) | ন্যূনতম এসএসসি/সমমান পাশসহ সংশ্লিষ্ট কাজে ডিপ্লোমা/ট্রেড কোর্স পাশ হতে হবে। শিক্ষা জীবনের কোন স্তরে ৩য় বিভাগ গ্রহণযোগ্য নয়। | টাকা ৮২৫০-২০০১০/-<br>(জাতীয় বেতন স্কেল ২০১৫) |
| ১০ | লিফটম্যান-০১<br>(গ্রেড ১৮) | ন্যূনতম এসএসসি/সমমান পাশসহ সংশ্লিষ্ট কাজে ডিপ্লোমা/ট্রেড কোর্স পাশ হতে হবে এবং লিফট পরিচালনায় প্রশিক্ষণপ্রাপ্তদের অগ্রাধিকার দেয়া হবে। শিক্ষা জীবনের কোন স্তরে ৩য় বিভাগ গ্রহণযোগ্য নয়। | টাকা ৮২৫০-২০০১০/-<br>(জাতীয় বেতন স্কেল ২০১৫) |
| ১১ | ল্যাব অ্যাটেনডেন্ট-০৩<br>(গ্রেড ১৮) | ন্যূনতম এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। প্রার্থীর বয়স কমপক্ষে ১৮ বছর হতে হবে। শিক্ষা জীবনের কোন স্তরে ৩য় বিভাগ গ্রহণযোগ্য নয়। | টাকা ৮৮০০-২১৩১০/-<br>(জাতীয় বেতন স্কেল ২০১৫) |
| ১২ | অফিস সহায়ক-০৯<br>(গ্রেড ২০) | ন্যূনতম এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। প্রার্থীর বয়স কমপক্ষে ১৮ বছর হতে হবে। শিক্ষা জীবনের কোন স্তরে ৩য় বিভাগ গ্রহণযোগ্য নয়। | টাকা ৮৮০০-২১৩১০/-<br>(জাতীয় বেতন স্কেল ২০১৫) |
| ১৩ | বার্তাবাহক-০২<br>(গ্রেড ২০) | ন্যূনতম এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। প্রার্থীর বয়স কমপক্ষে ১৮ বছর হতে হবে। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। শিক্ষা জীবনের কোন স্তরে ৩য় বিভাগ গ্রহণযোগ্য নয়। | টাকা ৮২৫০-২০০১০/-<br>(জাতীয় বেতন স্কেল ২০১৫) |
| ১৪ | নিরাপত্তা প্রহরী-০৭<br>(গ্রেড ২০) | প্রার্থীকে এসএসসি/সমমান পাশ হতে হবে। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। ন্যূনতম বয়স ২০ বছর। প্রার্থীকে সুস্বাস্থ্যের অধিকারী, উচ্চতা ৫ ফুট ৬ ইঞ্চি এবং বুকের মাপ ৩২ ইঞ্চি হতে হবে। শিক্ষা জীবনের কোন স্তরে ৩য় বিভাগ গ্রহণযোগ্য নয়। | টাকা ৮২৫০-২০০১০/-<br>(জাতীয় বেতন স্কেল ২০১৫) |
| ১৫ | পরিচ্ছন্নকর্মী-০৮<br>(গ্রেড ২০) | ন্যূনতম এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। হরিজনের ক্ষেত্রে ন্যূনতম ৮ম শ্রেণি পাশ হতে হবে। প্রার্থীর বয়স কমপক্ষে ১৮ বছর হতে হবে। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। | টাকা ৮২৫০-২০০১০/-<br>(জাতীয় বেতন স্কেল ২০১৫) |

**শর্তাবলী :**

সহকারী শিক্ষক পদের প্রার্থীগণকে বাংলা ও ইংরেজি উভয় ভার্সনে পাঠদানে দক্ষ হতে হবে। ইংরেজি মাধ্যমে পাঠদানে অভিজ্ঞতাসম্পন্ন ও ইংরেজি মাধ্যম থেকে পাশ করা প্রার্থীদেরকে অগ্রাধিকার প্রদান করা হবে। সহকারী শিক্ষক ও প্রদর্শক পদের প্রার্থীগণকে অবশ্যই সংশ্লিষ্ট বিষয়ে শিক্ষক নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণসহ বি.এড/এম.এড. ডিগ্রি থাকতে হবে। ক্রমিক নম্বর ২ হতে ৮ নম্বর পর্যন্ত প্রার্থীদের বয়স অনূর্ধ্ব ৩৫ বছর। তবে অভিজ্ঞ/ ইনডেক্সধারী প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য। প্রার্থীদের শিক্ষা জীবনে কোনো পরীক্ষায় তৃতীয় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়। আগ্রহী প্রার্থীগণকে সদ্য তোলা ৩ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি, সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি, পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত (মোবাইল নম্বরসহ) ও সোনালী ব্যাংকের যে কোনো শাখা হতে **জেনারেল ফান্ড হিসাব উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, ঢাকা** এর অনুকূলে উপাধ্যক্ষ পদে টাকা ১৫০০/- (এক হাজার পাঁচশত) মাত্র, সহকারী শিক্ষক ও প্রদর্শক পদে টাকা ১০০০/- (এক হাজার) মাত্র, সহকারী হিসাবরক্ষক পদে টাকা ৫০০/- (পাঁচশত) মাত্র এবং অন্যান্য পদে ৩০০/- (তিনশত) মাত্র অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফটসহ আবেদন রেজিস্ট্রি ডাকযোগে ২৭/০২/২০২০ তারিখের মধ্যে বিদ্যালয় পৌছাতে হবে। অসম্পূর্ণ আবেদন অথবা উক্ত তারিখের পরে প্রাপ্ত আবেদন বাতিল বলে বিবেচিত হবে। চাকুরীরত প্রার্থীদের স্ব-স্ব কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। উল্লেখ্য যে, কোনো কারণ দর্শানো ব্যতিরেকেই বিদ্যালয় কর্তৃপক্ষ যে কোনো/সকল আবেদনপত্র গ্রহণ/বাতিল এবং পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধি করার পূর্ণ অধিকার সংরক্ষণ করে। আবেদনপত্রের খামের উপরে অবশ্যই পদের নাম ও মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।

আবেদনপত্রে কোন তথ্য গোপন করলে বা উল্লেখ না করলে তা ভবিষ্যতে নথিতে সংযুক্ত করা হবে না এবং বিধি অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হবে।

ড. উম্মে সালেমা বেগম
অধ্যক্ষ